

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৬.১৩-৪৩৪

তারিখঃ ৩১ আগস্ট, ২০১৫
১৬ ভাদ্র, ১৪২২

বিষয়ঃ প্রবল বর্ষণ/জলাবদ্ধতা এবং ঘূর্ণিঝড় কোমেন এ ক্ষতিগ্রস্ত কক্সবাজার জেলার অনুকূলে বিশেষ ডিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যস্যা (চাল) মঞ্জুরী প্রসংগে।

সূত্রঃ জেলা প্রশাসক, কক্সবাজার এর স্মারক নং-৫১.০১.২২০০.০০০.৪১.০০৩.১৫-৫২৬ তারিখঃ ১১/০৮/২০১৫খিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবল বর্ষণ/জলাবদ্ধতা এবং ঘূর্ণিঝড় কোমেন এ ক্ষতিগ্রস্ত পরিবারের খাদ্য সহায়তা হিসেবে কক্সবাজার জেলার ৭০,৫০০ (সত্তর হাজার পাঁচশত)টি পরিবারের মাঝে মাসিক ২০ কেজি হারে বিতরণের লক্ষ্যে ০৩ মাসের (আগস্ট-অক্টোবর) জন্য সর্বমোট ৪,২৩০ (চার হাজার দুইশত ত্রিশ) মেঃ টন ডিজিএফ চাল জেলা প্রশাসক, কক্সবাজার এর অনুকূলে নিয়োক্ত শর্তসাপেক্ষে বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো।

শর্তঃ

(ক) বরাদ্দকৃত ডিজিএফ চাল বন্যা/প্রবল বর্ষণ/জলাবদ্ধতায়/ঘূর্ণিঝড় কোমেনে ক্ষতিগ্রস্ত উপজেলার দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে বিতরণ করতে হবে।


(খ) জেলা প্রশাসক বিতরণ শেষে একটি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

২। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের "৪৯০৩-ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭-ডি.জি.এফ কার্যক্রম-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯৪৪-ডি.জি.এফ" খাত হতে নির্বাহ করা হবে।

৩। জেলা প্রশাসক মঞ্জুরীকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণ করবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৪। এই মঞ্জুরী অনুযায়ী মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পরিবহণ ও আনুষঙ্গিক খরচসহ প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারী করবেন এবং এতদসংক্রান্ত যাবতীয় হিসাব সংরক্ষণ করবেন।

৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মোহাম্মদ মনিরুল ইসলাম)

সিনিয়র সহকারী-সচিব (ত্রাক-১)

ফোন : ৯৫৪০১৭৯

email:sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৬.১৩-৪৩৪/১(১১)

তারিখঃ ৩১/০৮/২০১৫ খিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। উপ-সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেমস এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, NDRCC দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত আদেশটি মহাপরিচালক ও জেলা প্রশাসক বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ১১। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

সিনিয়র সহকারী-সচিব (ত্রাক-১)